

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

গুরুদাসপুর, নাটোর

ডকেট নম্বর: তারিখ:

সং নম্বর:

প্রতিব জরুরি জরুরি সাধারণ

১। প্রশাসনিক কর্মকর্তা ব্যবস্থা দিন/প্রতিবেদন দিন।

২। উপ-প্রশাসনিক কর্মকর্তা/অফিস সুপার ব্যবস্থা দিন/প্রতিবেদন দিন।

৩। সহকারি প্রশাসনিক কর্মকর্তা ব্যবস্থা দিন/প্রতিবেদন দিন।

৪। অফিস সহকারি ব্যবস্থা দিন/প্রতিবেদন দিন।

৫। অফিস সহকারি ব্যবস্থা দিন/প্রতিবেদন দিন।

[Signature]
স্বাক্ষর

নং ১৭.০০.০০০০.০০৪.০৩.০১৮.২৩-৮৩০



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরি

তারিখ: ০৯ পৌষ ১৪৩০

২৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন তফসিল অনুসারে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিয়োক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল করার প্রয়োজন হবে :

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহনগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতব্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উল্লিখিত নিষেধাজ্ঞা আরোপসহ স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে আরও কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিল করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত মেট্রোপলিটন পুলিশ কমিশনার/অন্যান্য কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

গুরুদাসপুর, নাটোর

www.gurudaspur.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০৫.০০৪.২৩-৮৩০

তারিখ: ১১ পৌষ, ১৪৩০
২৬ ডিসেম্বর, ২০২৩

পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর
০২. মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর
০৩. উপজেলা নির্বাচন অফিসার, গুরুদাসপুর, নাটোর
০৪. অফিসার ইনচার্জ, গুরুদাসপুর, নাটোর
০৫. উপজেলা তথ্য অফিসার, গুরুদাসপুর, নাটোর
০৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), গুরুদাসপুর, নাটোর
০৭. অফিস কপি।

[Signature]
২৬/১২/২৩
(সালমা আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

গুরুদাসপুর, নাটোর

ফোন- +৮৮০২৫৮৮৮-৭৪৪০১

e-mail:unogurudaspur@mopa.gov.bd

[Signature]
২৬/১২/২৩